দৈনিক জনকণ্ঠ

তারিখ 10 AUG 2016
পৃষ্ঠা ১৪ কলাম ৫

# মোরেলগঞ্জে শিক্ষকের হাত পা ভেঙ্গে দিয়েছে দুর্বৃত্তরা

**স্টাফ রিপোর্টার, বাগেরহাট ॥** মোরেলগঞ্জে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক, আওয়ামী লীগ কর্মী এস.এম জহিরুল হককে(৬০) পিটিয়ে ২হাত ও ২পা ভেঙ্গে দিয়েছে দুর্বৃত্তরা। সোমবার রাত ১০ টার দিকে জিলবুনিয়া গ্রামে কতিপয় দুর্বৃত্ত এ ঘটনা ঘটায়।

আশঙ্কাজনক অবস্থায় জহিরুল হককে রাতেই খুলনা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আহত জহিরুল হক স্থানীয় এমপি মোজাম্মেল হোসেন প্রতিষ্ঠিত রহমতিয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহসভাপতি।

আহতের ছেলে মেহেবুবুল হক নির্ঝর জানান, রাতে তার বাবা বড়শিবাওয়া বাজারে ওষুধের দোকান বন্ধ করে বাড়ি ফিরছিলেন। এ সময় ৪/৫ জন তার ওপর হামলা করে। হামলাকারীরা এলাপাতাড়ি পিটিয়ে তার ২হাত ও ২পা ভেঙ্গে রাস্তার পাশে ফেলে যায়। খবর পেয়ে তার স্বজনরা উদ্ধার করে রাতেই খুলনায় নিয়ে যায়। জহিরুল হক শিক্ষকতা থেকে অবসর গ্রহনের পর বড়শিবাওয়া বাজারে ওষুধের ব্যবসা করছেন। এ সম্পর্কে থানার ওসি মোঃ রাশেদুল আলম বলেন, একটি দোকান নিয়ে বিরোধের কারণে ওই শিক্ষকের ওপর হামলা করেছে প্রতিপক্ষের লোকেরা।

## নওগাঁয় শিক্ষক বরখাস্ত

নিজস্ব সংবাদদাতা, নওগাঁ থেকে জানান, রাণীনগরে নব বিবাহিতা ছাত্রীকে ফুসলিয়ে ভাগিয়ে নিয়ে বিয়ে করার ঘটনায় মঙ্গলবার সকালে ওই শিক্ষক ওসমান গনি ও নববধূ সুইটি আক্তারকে গ্রেফতার করেছে পুলিশ।